আজকের কাগজ

তারিখ 25 JUL 1996
পৃষ্ঠা ১ কলাম ২

02

সংসদে শিক্ষামন্ত্রী

# দু' একমাসের মধ্যেই কুদরত-এ-খুদা শিক্ষা কমিশনের পূর্ণ বাস্তবায়ন

কাগজ প্রতিবেদক : শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক সংসদকে বলেছেন, দু' এক মাসের মধ্যেই ডঃ কুদরত-এ-খুদা শিক্ষা কমিশনের পূর্ণ বাস্তবায়ন হবে। বর্তমানে দেশে কোনো শিক্ষানীতি নেই। ইতিপূর্বে কোনো শিক্ষানীতি প্রণয়ন করা হয়নি। গতকাল সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে মির্জা আজমের এক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন।

সম্পূরক প্রশ্নের জবাবে তিনি বলেন, বর্তমানে যা আছে তাকে জোড়াতালির একটি শিক্ষা ব্যবস্থা বলা যেতে পারে। তিনি বলেন, ডঃ কুদরত-ই-খোদা কর্তৃক প্রণীত শিক্ষানীতি যুগোপযোগী করে বাস্তবায়নের কার্যক্রম শুরু হয়েছে। দু' একমাসের মধ্যেই কমিশনের পূর্ণবাস্তবায়ন শুরু হবে।

কাজী সিরাজুল ইসলামের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, ক্যাডেট কলেজগুলোতে ছাত্রদের মাথাপিছু বার্ষিক সরকারি ব্যয় ৪৫ হাজার নয়শ' ৫৩ টাকা, আর বেসরকারি কলেজগুলোতে ছাত্রদের মাথাপিছু সরকারি ব্যয় দু' হাজার ২৮ টাকা। সম্পূরক প্রশ্নের জবাবে তিনি বলেন, পূর্ণাঙ্গ শিক্ষানীতি প্রণয়নের মাধ্যমে এ বৈষম্য দূর করার ব্যবস্থা নেয়া হবে। আখতারুজ্জামানের এক সম্পূরক প্রশ্নের জবাবে তিনি বলেন, একটি বিশেষ কমিটি করা হয়েছে যারা পাঠ্যপুস্তকে ইতিহাস বিকৃতি পরীক্ষা করছে। তালুকদার আঃ খালেকের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, '৯১ থেকে এ পর্যন্ত ৩৭ হাজার দু' শ ৪টি প্রাথমিক বিদ্যালয়, ৬ হাজার একশ' ৭৯টি বেসরকারি স্কুল, তিনশ' ৬৭টি বেসরকারি কলেজ ও ৯৮টি সরকারি কলেজের উন্নয়ন কাজ সম্পন্ন হয়েছে।

উক্ত সময়ে ৩৯ হাজার ছয়শ' ৪৭টি প্রাথমিক বিদ্যালয়, ৯ হাজার ৩শ' ৯৭টি বেসরকারি স্কুল, ১১টি সরকারি স্কুল, ৫শ' ৩০টি বেসরকারি কলেজ ও ১শ' ৪টি সরকারি কলেজের উন্নয়ন কাজ শুরুর জন্যে দরপত্র আহবান করা হয়েছে। এ হিসাব থেকে বিএনপি সরকারের শিক্ষা ব্যবস্থার ব্যাপক উন্নয়নের প্রমাণ মেলে বলে উল্লেখ করে বিএনপি সাংসদ আবু ইউসুফ খলিলুর রহমান সম্পূরক প্রশ্নে জানতে চান বাকি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর উন্নয়ন করা হবে কি না। জবাবে শিক্ষামন্ত্রী বলেন, ভবিষ্যতে উন্নয়ন কাজের সময় দেখা হবে উল্লিখিত উন্নয়ন কাজ সম্পন্ন হওয়ায় প্রতিষ্ঠানগুলোর ছাদ ভেঙেছে কি না, ফেটেছে কি না পরীক্ষা করতে হবে। উন্নয়ন কাজ অব্যাহত থাকবে।